

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.৪৫.০১৮.০২.০২৪.০২৪.১৫-১১২৫

তারিখঃ ১৯ নভেম্বর, ২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।


সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১৩৮২, তারিখ-১৬/১১/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারির উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভার ৪.১ এর সিদ্ধান্ত নিম্নরূপঃ

"সিদ্ধান্তঃ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উপজেলা পরিষদ কমপ্লেক্সে উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) হিসাবে নির্মিত ভবনসমূহ যাতে অন্য কাজেব্যবহৃত না হয় সে বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতে নির্দেশনা প্রদান এবং এর অনুসরণে মনিটরিং করতে হবে।"

এমতাবস্থায়, জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভার ৪.১ নং সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালন হচ্ছে কিনা তা আগামী ৩(তিন) কার্য দিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা পরিষদ, সকল।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

০১। জেলা প্রশাসক, সকল।

০২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।